# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/পাবনা-১২৬/ ৯৬ তারিখ: ১৩ ভাদ্র ১৪৩২ / ২৮ আগষ্ট ২০২৫

বিষয়ঃ অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

সূত্র: ১। জনাব মো: আব্দুল ওয়াহহাব এর ১৭.০৪.২০২৫ইং তারিখের আবেদন;
২। মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং বামাশিবো/প্রশা/পাবনা-১২৬/৮৮ তারিখ: ১৯/০৮/২০২৫ খ্রি.;

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার চাটমোহর উপজেলাধীন সামাদ সওদা মহিলা দাখিল মাদ্রাসা বর্তমান কর্তৃপক্ষ (ইআইআইএন- ১২৫৪৩৭) মহামান্য হাইকোর্ট বিভাগ, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের অফিস আদেশ অবমাননা করায় এডহক কমিটি বাতিল পূর্বক গোপনীয় ভাবে প্রস্তাবিত ম্যানেজিং কমিটি অনুমোদন না দেয়ার জন্য সুপার জনাব মো; আব্দুল ওয়াহহাব সূত্রোক্ত ০১ নং স্মারকে একটি আবেদন অত্র বোর্ডে দাখিল করেছেন। আবেদনে দেখা যায়, সুপার জনাব মো: আব্দুল ওয়াহহাবকে স্বপদে পুনর্বহালের জন্য উক্ত মাদ্রাসার এডহক কমিটির সভাপতি ও ভারপ্রাপ্ত সুপার কে সূত্রোক্ত ০২ নং স্মারকে পত্র দেয়া হয়। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আদেশ প্রতিপালন না করায় এবং জনাব মো: আব্দুল ওয়াহহাব কে স্বপদে বহাল না করে মিথ্যা বানোয়াট কথা উল্লেখ করে উক্ত মাদ্রাসার সভাপতি কারণ দর্শানো নোটিশ প্রদান করেন মর্মে অভিযোগ পাওয়া গেছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, জনাব মো: আব্দুল ওয়াহহাব এর স্বপদে বহাল সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৮.৮.২৫
প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
চাটমোহর, পাবনা।

২৮/০৮/২৫

নং-বামাশিবো/প্রশা/ পাবনা-১২৬/ ৯৬/১ তারিখ: ১৩ ভাদ্র ১৪৩২ / ২৮ আগষ্ট ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. জেলা প্রশাসক, পাবনা;
২. জেলা শিক্ষা অফিসার, পাবনা;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চাটমোহর, পাবনা;
৪. ভারপ্রাপ্ত সুপার, সামাদ সওদা মহিলা দাখিল মাদ্রাসা, চাটমোহর, পাবনা;
৫. সভাপতি, সামাদ সওদা মহিলা দাখিল মাদ্রাসা, চাটমোহর, পাবনা;
৬. জনাব মো: আব্দুল ওয়াহহাব (অভিযোগকারী), চাটমোহর, পাবনা;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

২৮/৮/২৫
মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

C:\Users\BMEB\Desktop\অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন জসীম.doc

২৮/০৮/২৫

বরাবর,

রেজিষ্টার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশীবাজার, ঢাকা।

**বিষয়ঃ** **মহামান্য হাইকোর্ট, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এবং মহোদয়ের অফিসের আদেশ অবমাননা করায় এডহক কমিটি বাতিল পূর্বক তাদের গোপনীয় ভাবে প্রস্তুতকৃত প্রেরিত ম্যানেজিং কমিটি অনুমোদন না দেওয়ার জন্য আবেদন।**

মহোদয়,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী পাবনা জেলার চাটমোহর উপজেলাধীন সামাদ সওদা মহিলা দাখিল মাদ্রাসায় বিগত ০৪/১০/২০১০ ইং তারিখে সুপারিনটেনডেন্ট পদে যোগদান করি। আমার ইনডেক্স নং-৩৮০৮৪৩। আমি সুনামের সাথে চাকুরী করাবস্থায় একটি কুচক্রীমহল তাদের স্বার্থ হাসিলের উদ্দেশ্যে বিগত ২৮/০৩/২০১৭ ইং তারিখে ০৩ (তিন) দিনের সময় দিয়ে অনুপস্থিতির জন্য কারন দর্শানোর নোটিশ প্রদান করেন। আমি উক্ত নোটিশের জবাব যথা সময়ে প্রদান করি। আমার জবাব গৃহিত নাকরে ০৫/০৪/২০১৭ ইং তারিখে ম্যানেজিং কমিটির সভায় আমাকে সাময়িক বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহন করে ০৬/০৪/২০১৭ ইং তারিখে নোটিশ প্রদান করেন এবং আমার বেতন ভাতাদী বন্ধ করে দেন। পরবর্তীতে আমি বেতন ভাতাদী পাইবার জন্য মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে একটি Writ Petition দায়ের করি। যাহার নং-১৪১০০/২০১৭। উক্ত Writ Petition মামলায় বিগত ১৭/১০/২০১৭ ইং তারিখে আমার বেতন ভাতাদী প্রদানের নির্দেশ করেন এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের-০৭/১২/২০১৭ ইং তারিখের ০৭.২০.০০০০.০০৫.০৭.০০৫.১৬.৪১৩ স্মারকে আমাকে পূর্ণ বেতন ভাতাদী প্রদামের নির্দেশ প্রদান করেন কিন্তু তাহার মহামান্য হাইকোর আদেশ এবং মাদ্রসা শিক্ষা অধিদপ্তরের আদেশ অমান্য করিয়া আমার বেতন ভাতাদি প্রদান না করিলে পরবর্তীতে আমি মহামান্য হাইকোর্টে Contempt Petition মামলা করি। যাহার নং-৩১৯/২০১৮। উক্ত Contempt Petition মামলার আদেশের প্রেক্ষিতে এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ২৮/০৭/২০১৯ ইং তারিখের ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৩৩.১৯-২১৩ নম্বর স্মারক বলে আমাকে সম্পূর্ণ বেতন ভাতাদি পরিশোধক্রমে তাহার প্রমানক ২৮/০৭/২০১৯ ইং তারিখের মধ্যে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরনের জন্য নির্দেশ প্রদান করেন। আমি সভাপতি সাহেবের নিকট ০৩/১২/২০১৯ ইং তারিখে হাজিরা খাতায় স্বাক্ষরসহ বেতন ভাতাদী প্রাপ্তির আবেদন করিলে ০৪/১২/২০১৯ ইং তারিখ হইতে আমাকে বেতন ভাতাদী প্রদান করিতে ছিলেন। কিন্তু বিগত মার্চ/২০২৫ মাসে এডহক কমিটি অনুমোদন পাইলে আমি এডহক কমিটির সভাপতি সাহেবের নিকট স্বপদে বহালের জন্য আবেদন করি। কিন্তু আমাকে স্বপদে বহাল না করে অসৎ উদ্দেশ্য নিয়ে ভারপ্রাপ্ত সুপার ও এডহক কমিটির সভাপতি মার্চ/২০২৫ মাস থেকে আমার বেতন ভাতাদি বন্ধ রেখেছেন। এদিকে আমি বেতন ভাতাদি না পেয়ে আমি আমার পরিবার নিয়ে গভীর সমুদ্রে হাবুডুবু খাচ্ছি। এমতাবস্থায় মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে মহাপরিচালক বরাবর আমার বেতন ভাতাদি পাওয়ার জন্য ১৬/০৪/২০২৫ ইং তারিখে একখানা আবেদন করি। যাহার ফলে ০১/০৫/২০২৫ ইং তারিখের ৫৭.২৫.০০০০.০০০.০০৯.২২.০০১.২৩.৯১ স্মারক পত্রে আমার বেতনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করিলেও তাহারা মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আদেশ অমান্য করিয়া অদ্যবধি  বেতন ভাতা বন্ধ রাখিয়াছেন। এদিকে অনিয়ম ও অব্যবস্থাপনার কারনে মাদ্রাসার শিক্ষার্থীর সংখ্যা ও শিক্ষার গুনগত মান তলানীতে। ২০২৫ সালে পাবলিক পরীক্ষার ৮জন পরীক্ষার্থী অংশগ্রহন করিলেও মাত্র ১ জন পরীক্ষার্থী পাশ করেন। মাদ্রাসার এডহক কমিটির সভাপতি সাহেবে স্বপদে বহালের ব্যবস্থা না করিলে আমি মহামান্য হাইকোর্টে একটি Writ Petition মামলা করি।  যাহার নম্বর-8073 of 2025। উক্ত রিট মামলায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়কে নিস্পত্তি করার জন্য মহামান্য হাইকোর্ট নির্দেশ প্রদান করিলে চেয়ারম্যান মহোদয় Writ Petition মামলা নম্বর-8073 of 2025 এর আলোকে গত ১৯/০৮/২০২৫ ইং তারিখে আমাকে স্বপদে বহাল করেন এবং বেতন ভাতাদি প্রদানের নির্দেশ প্রদান করেন। অত্র আদেশ প্রাপ্ত হইয়াও কোন ভ্রুক্ষেপ করিতেছেন না। যাহা আদালত, সরকার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষবোর্ডকে অবমাননা করিয়া মিথ্যা বানোয়াট কথা উল্লেখ করিয়া কারন দর্শানের নোটিশ প্রদান করিয়াছেন। যাহা মহোদয়কে অবমাননার সামিল হওয়ায় বর্তমান এডহক কমিটি বাতিল পূর্বক তাদের গোপনীয় ভাবে প্রস্তুতকৃত প্রেরিত ম্যানেজিং কমিটি অনুমোদন না দেওয়ার জন্য আবেদন দাখিল করিলাম।

অতএব, মহোদয় সমীপে আকুল আবেদন এই যে, উপরোল্লেখিত বিষয় সুবিবেচনা করিয়া বর্তমান এডহক কমিটি বাতিল করতঃ তাদের প্রেরিত (ম্যানেজিং কমিটি) অনুমোদন না দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিতে আপনার সদয় মর্জি হয়।

বিনীত নিবেদন,
২৮/০৮/২০২৫
(মোঃ আব্দুল ওয়াহেদ)
সুপারিনটেনডেন্ট
সামাদ সওদা মহিলা দাখিল মাদ্রাসা
চাটমোহর, পাবনা।
মোবাইল-০১৭১৮০৪৯০৭৭

সংযুক্তিঃ
১। Writ Petition-8073 of 2025 আদেশের ফটোকপি ২ পাতা।
২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের-১৯/০৮/২০২৫ ইং তারিখের বামাশিবো/প্রশা/পাবনা-১২৬/৮৮ নং স্মারক-২পাতা।
৩। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ০১/০৫/২০২৫ ইং তারিখের ৫৭.২৫.০০০০.০০০.০০৯.২২.০০১.২৩.৯১ নং স্মারক-২ পাতা।
৪। দাখিল পরীক্ষা ২০২৫ ইং সনের ফলাফল শীটের ফটোকপি-১ পাতা।
৫। এডহক কমিটির ফটোকপি ১ পাতা।
৬। সভাপতির কারন দর্শানোর নোটিশ-১পাতা।

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ ওয়্যারলেস রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩২ / ১৯ আগষ্ট ২০২৫

নং-বামাশিবো/প্রশা/পাবনা-১২৬/ ৮৮

বিষয় : সুপার জনাব মো: আব্দুল ওয়াহহাবকে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।

সূত্র: ১। জনাব মো: আব্দুল ওয়াহহাব এর ১৭.০৪.২০২৫ইং তারিখের আবেদন;
২। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০০৩.১৯-২১৩ তারিখ:২৮/০৭/২০১৯ খ্রি.;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে পাবনা জেলার চাটমোহর উপজেলাধীন সামাদ সওদা মহিলা দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: আব্দুল ওয়াহহাবকে স্বপদে পুনর্বহালের জন্য সূত্রোক্ত ১নং স্মারকে আবেদন করা হয়েছে। আবেদনে উল্লেখ করা হয়েছে ০৫.০৪.২০১৭ ইং তারিখে জনাব মো: আব্দুল ওয়াহহাবকে সাময়িক বরখাস্ত করা হয় এবং বেতন-ভাতা বন্ধ করা হয়। উক্ত বিষয়ে জনাব মো: আব্দুল ওয়াহহাব মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৪১০০/২০১৭ মামলা দায়ের করেন।

০২. পরবর্তীতে তিনি কনটেম্পট পিটিশন নং-৩১৯/২০১৮ দায়ের করেন। কনটেম্পট পিটিশনের প্রেক্ষিতে সূত্রোক্ত ২নং স্মারক মূলে ডিসেম্বর ২০১৯ থেকে ফেব্রুয়ারি ২০২৫ খ্রি: পর্যন্ত জনাব মো: আব্দুল ওয়াহহাবকে বেতন ভাতা প্রদান করা হয়।

০৩. পরবর্তীতে মার্চ, ২০২৫ থেকে তার বেতন-ভাতা বন্ধ করা হলে সংক্ষুব্ধ হয়ে তিনি রিট পিটিশন নং- ৮০৭৩/২০২৫ দায়ের করেন। উক্ত মামলার রায়ে মহামান্য হাইকোর্ট কর্তৃক ২৫/০৫/২০২৫ খ্রি: তারিখে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়: "Accordingly, the respondent No. 3 is directed to dispose of the letter of the petitioner dated 17.04.2025 (Annexure-J-1 to the writ petition) within 60 (sixty) days from the date of receipt of a copy of this order, in Accordance with law, without any fail".

০৪. মহামান্য হাইকোর্ট বিভাগ রেসপনডেন্ট নং-০৩ অর্থাৎ চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে পিটিশনারের ১৭.০৪.২০২৫ খ্রি: তারিখের আবেদন খানা বিধিমোতাবেক নিষ্পত্তি করার জন্য নির্দেশ প্রদান করেছেন। পিটিশনারের আবেদন খানা পর্যালোচনা করে দেখা যায় যে, পিটিশনারকে মার্চ, ২০২৫ থেকে অদ্যাবধি (১৯/০৮/২০২৫) বেতন ভাতা প্রদান করা হয় নি এবং তাকে সাময়িক বরখাস্ত করা হয় (তার আবেদনের বর্ণনামতে)।

০৫. মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মামলায় ১০/১১/২০১৫ খ্রি: তারিখে একটি সার্বজনীন নির্দেশনা প্রদান করা হয়। নির্দেশনাটি নিম্নরূপ: "Accordingly, we declare that in the absence of any law providing otherwise, no person shall be kept under suspension beyond 60 (sixty) days from the date of his/her suspension. If the suspension continues for further period, exceeding 60 (sixty) days, then the person suspended shall be entitled to receive full pay, instead of subsistence allowance, till the suspension order/letter ends up in a final order".

০৬. এমতাবস্থায়, যেহেতু পিটিশনার জনাব মো: আব্দুল ওয়াহহাব এর বেতন-ভাতা বন্ধ করায় কোন প্রকার শো-কজ করা হয়নি বা তদন্ত করা হয়নি বা কোন কর্তৃপক্ষ কর্তৃক তা অনুমোদন করা হয়নি সেহেতু দীর্ঘ সময় ধরে তার বেতন-ভাতা বন্ধ রাখা বিধিসম্মত হয়নি মর্মে প্রতীয়মান হয়। অধিকন্তু মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মামলায় ১০/১১/২০১৫খ্রি: তারিখের নির্দেশনামতে কোনো ব্যক্তিকে ৬০(ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখার সুযোগ নেই। সেমতে পিটিশনার জনাব মো: আব্দুল ওয়াহহাব কে স্ব-পদে পুনর্বহাল পূর্বক তার বেতন-ভাতা পরিশোধের ব্যবস্থা গ্রহণ করে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশ দেয়া হলো। অত্র আদেশ প্রতিপালনে ব্যর্থ হলে মাদ্রাসা কর্তৃপক্ষের বিরুদ্ধে আইন ও বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(স্বাক্ষর) ১৯.৮.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

১। সভাপতি,
এডহক কমিটি/ম্যানেজিং কমিটি, সামাদ সওদা মহিলা দাখিল মাদ্রাসা;
২। ভারপ্রাপ্ত সুপার,
সামাদ সওদা মহিলা দাখিল মাদ্রাসা, চাটমোহর, পাবনা;

(স্বাক্ষর) ১৯.৮.২৫

BMEB ... LETTER(1) (1) জরুরী doc

... অধিদপ্তর, ঢাকা।
২। চেয়ারম্যান ও রেজিস্ট্রার বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড, ঢাকা।

সম্পাদক/সুপারিনটেনডেন্ট এর কার্যালয়

# সামাদ সওদা মহিলা দাখিল মাদ্‌রাসা

ডাকঘরঃ চাটমোহর নতুন বাজার, উপজেলাঃ চাটমোহর, জেলাঃ পাবনা।

মাদরাসা কোড-১৯২৫০ স্থাপিত-১৯৯০ ইং *EIIN NO-125437*

সূত্রঃ সাসমদা-২০২৫-২০ তারিখঃ ২৪/০৮/২০২৫

প্রেরক,

সভাপতি
সামাদ সওদা মহিলা দাখিল মাদ্রাসা
চাটমোহর, পাবনা।

প্রাপক,

মোঃ আব্দুল ওয়াহহাব
পিতা-মৃত হোসাইন মোল্লা
মাতা-মোছাঃ কমেলা খাতুন
গ্রাম-ভাবনীপুর, ডাকঘর-পাঁচুড়িয়া-৬৬১০
উপজেলা-চাটমোহর, জেলা-পাবনা।
ও
সাময়িক বরখাস্তকৃত সুপারিনটেনডেন্ট
সামাদ সওদা মহিলা দাখিল মাদ্রাসা, চাটমোহর, পাবনা।

বিষয়ঃ <u>কারণ দর্শানোর নোটিশ।</u>

উপরোক্ত বিষয়ে আপনাকে জানানো যাচ্ছে যে, চাটমোহর পৌরসদরে অবস্থিত একমাত্র নারী দ্বীনি শিক্ষা প্রতিষ্ঠান "সামাদ সওদা মহিলা দখিল মাদ্রাসা"। যাহার EIIN-১২৫৪৩৭। উক্ত মাদ্রাসায় ০৪/১০/২০১০ ইং তারিখে সুপারিনটেনডেন্ট পদে যোগদান করিয়া ক্ষমতা প্রাপ্ত হইয়া অত্র মাদ্রাসার সাবেক সহকারী শিক্ষিকা (কম্পিউটার) এর মেরিন ইঞ্জিনিয়র স্বামী থাকা সর্থেও তার সঙ্গে অবৈধ সম্পর্ক স্থাপন করিয়া পূর্বের স্বামীকে ডিভোর্স করাইয়া বিবাহ বন্ধনে আবদ্ধ হইয়া তাহাকে চাকুরী চ্যুত করাইয়াছেন। নৈতিক ও চারিত্রিক পদজখলন, শিক্ষকদের মধ্যে গ্রুপিং, দুর্নীতি, নিয়োগ বাণিজ্য, কমিটি ও শিক্ষকদের মধ্যে বিরোধ ও বিভেধ তৈরি, অসাধ আচরণ, প্রতিষ্ঠানের টিউশন ফি বিধি মোতাবেক শিক্ষক ও কর্মচারীদের মধ্যে বিতরণ না করিয়ে একক ভাবে আত্নসাৎ করেছেন, মাদ্রাসার স্বার্থ বিরোধী কাজে লিপ্ত আছেন। আপনাকে মার্চ ২০২৫ মাস হইতে সর্বোচ্চ আদালত সুপ্রিম কোর্ট কন্টেম মামলার আদেশ অনুযায়ী জীবন ও জীবিকা ভাতা বিলে আপনি স্বাক্ষর না করিয়া কর্তৃপক্ষের বিনা অনুমতিতে মাদ্রাসা ত্যাগ করায় বিল প্রস্তুত করে সোনালী ব্যাংক পিএলসি চাটমোহর শাখাং জমা দেওয়া আছে এবং উক্ত বিলে স্বাক্ষর করে বেতন বিল উত্তোলনের জন্য পত্রের মাধমে অবহিত করানো আছে। আপনি উক্ত মাস হইতে বেতন বিল উত্তোলন না করিয়া মার্চ/২০২৫ ঈদুল ফিতর উৎসব ভাতা স্বাক্ষর করে উত্তোলন করিয়া প্রমাণ করেছেন বেতন ভাতা বন্ধ করা হয় নাই। তবুও মিথ্যার আশ্রয় নিয়ে সর্বোচ্চ আদালত সুপ্রিমকোটের হাইকোর্ট বিভাগে রিট পিশিন নম্বর ১৪১০০/২০১৭ মামলা দায়ের করেন। কনটেম্পট পিটিশন নম্বর ৩১৯/২০১৮ মামলা দায়ের করেন, তারপর রিট পিটিশন নং-৮০৭৩/২০২৫ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নম্বর ৩৬৫৭/২০১৫ মামলায় ১০/১১/২০১৫ খ্রিঃ একটি সার্বজনীন নির্দেশনা প্রদান করানো হয়। এ ছাড়া মহাপরিচালক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে মাদ্রাসার কমিটি গঠন করিতে না দেওয়া, মিথ্যা আশ্রয় নিয়ে আপনাকে বেতন (জীবন ও জিবকিা, ভাতা) বিল সাময়িক বরখাস্থ কালীন সময়ে কর্মস্থলে অনুপস্থিত থাকিলে জীবন ও জীবিকা ভাতা বিধি মোতাবেক প্রাপ্য হবেন না তবুও মাদ্রাসা কর্তৃপক্ষ আপনার সাময়িক বরখাস্ত কালীন বিল প্রস্তুত করে ব্যাংকে দাখিল করা আছে, তারপরেও রিটপিটিশন নং-৮০৭৩/২০২৫ দায়ের করেন, মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মামলায় ১০/১১/২০১৫ খ্রিঃ তারিখে একটি সার্বজনিন নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া মহাপরিচালক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডে অভিযোগ, মাদ্রাসার কমিটি গঠন করতে না দেওয়া মিথ্যার আশ্রয় নিয়ে ভারপ্রাপ্ত সুপার মোঃ মোসলেম উদ্দিনের বেতন ও অন্যান্য ভাতা সাময়িকভাবে বন্ধকরা সহ শিক্ষকদের মধ্যে বিভেধ সৃষ্টি করা রাজনৈতিক ব্যক্তিদের মধ্যে মতপার্থক্য পরস্পার শত্রু হওয়ার মত কাজ করাসহ ১৭/০৫/২০২৫ ইং হইতে অদ্যবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে মাদ্রাসায় অনুপস্থিত থাকিয়া উপজেলা পর্যায় হইতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড ও অধিদপ্তর পর্যন্ত যাতায়াত ও অভিযোগ দাখিল করিয়াছেন এবং ২১/০৮/২০২৫ ইং তারিখে উপজেলা নির্বাহী অফিস কক্ষে ভারপ্রাপ্ত সুপার মোঃ মোসলেম উদ্দিনের সাথে অসৌজন্য মূলক আচরণ করিয়াছেন। কেন আপনার বিরুদ্ধে মাদ্রাসার অর্থের ক্ষতিপুরণসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ পূর্বক চুড়ান্ত বরখাস্তসহ বিভাগীয় মামলা ও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হইবেনা তার উপযুক্ত জবাব পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে অত্রাফিসে মাদ্রাসা কমিটির সম্মানিত সভাপতির নিকট স্বশরীরে উপস্থিত হয়ে জমা দেওয়া জন্য অনুরোধ করা গেল। আপনার দায়েরকৃত কর্মকান্ড বিধি সম্মত নয়। **বিষয়টি অতিব জরুরী।**

মোঃ ইমরান হোসেন
(মোঃ ইমরান হোসেন) ২৪/০৮/২৫
সভাপতি
সামাদ সওদা মহিলা দাখিল মাদ্রাসা
চাটমোহর, পাবনা।

স্মারক নং-সাসমদা-২০২৫- তারিখঃ

<u>সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হইলঃ</u>

১। মহাপরিচালক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। চেয়ারম্যান ও রেজিষ্টার বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড, ঢাকা।
৩। জেলা প্রশাসক, পাবনা।
৪। উপজেলা নির্বাহী অফিসার, চাটমোহর, পাবনা।
৫। জেলা শিক্ষা অফিসার, পাবনা।
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চাটমোহর, পাবনা।
৭। অফিস নথি

মোঃ ইমরান হোসেন
(মোঃ ইমরান হোসেন) ২৪/০৮/২৫
সভাপতি
সামাদ সওদা মহিলা দাখিল মাদ্রাসা
চাটমোহর, পাবনা।